# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৭৯তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৪ মে ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ* গত ১০ এপ্রিল ২০১৪ তারিখের একজিকিউটিভ কমিটির ৭৮তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুন নূর খান (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদ অফিসের এ্যাম্বুলেন্স ড্রাইভার মোঃ রফিকুল ইসলামকে চাকুরী হতে অব্যাহতি দেয়ার ব্যাপারে আলোচনা হয়। গত ১১ মে ২০১৪ তারিখে এ্যাম্বুলেন্স ট্রেজারার এর বাসায় পরিষদের গুরুত্বপূর্ণ ফাইল স্বাক্ষরের জন্য এ্যাম্বুলেন্স নিয়ে যেতে বলা হলে এ্যাম্বুলেন্স ড্রাইভার মোঃ রফিকুল ইসলাম তা উপেক্ষা করে তাঁর সম্পর্কে খারাপ মন্তব্য করেন যা মোটেও গ্রহণযোগ্য নয়। এছাড়াও ড্রাইভার মোঃ রফিকুল ইসলামের বিরুদ্ধে পূর্বের অনেক অভিযোগ রয়েছে যা ৭৩তম ইসি সভায় আলোচনা করা হয়েছে। উল্লেখিত ব্যাপারে এ্যাম্বুলেন্স ড্রাইভার মোঃ রফিকুল ইসলাম এর কাছে জবানবন্দী চাওয়া হলে সে জবানবন্দীতে যে মতামত পোষন করেন তা অত্র পরিষদের নিকট গ্রহণযোগ্য হয়নি বিধায় তা ইসি সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত সদস্যগনের সর্বসম্মতিক্রমে এ্যাম্বুলেন্স ড্রাইভার মোঃ রফিকুল ইসলামকে ১৬ মে ২০১৪ হতে মে মাসের পূর্ণ বেতনসহ চাকুরী হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় ৩৬৬/৮ প্লট মালিক লে: কর্ণেল নাসির উদ্দিন আহমেদ (অব:) এর মসজিদ প্রাঙ্গনে রাখা অপ্রয়োজনীয় নির্মাণ সামগ্রী অপসারণের ব্যাপারে বারিধারা ডিওএইচএস পরিষদ এই মূহুর্তে কোন ব্যবস্থা গ্রহণ করবে না। ক্যান্টনমেন্ট বোর্ডের দেয়া সময় ১৫ মে ২০১৪ অতিবাহিত হওয়ার পর ক্যান্টনমেন্ট বোর্ডকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে। | সভাপতি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকার সম্মানিত বাসিন্দাদের জরুরী প্রয়োজনে প্লাম্বার ও ইলেকট্রিশিয়ানদের নাম ও মোবাইল নম্বর অত্র পরিষদ কর্তৃক প্রতিমাসে এসএমএস এর মাধ্যমে অত্র এলাকার বাসিন্দাদের অবহিত করার বিষয়টি সভায় আলোচনা করা হয় এবং কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* কনভেনশন সেন্টারের ৪র্থ তলার বড় হলসহ আরও ০১টি হল বরাদ্দ দেয়ার ব্যাপারে আলোচনা হয় এবং বিষয়টি সকলের অবগতি ও সম্মতি গ্রহণের জন্য আসন্ন বার্ষিক সাধারণ সভা (এজিএম)-২০১৩ এ উপস্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের বারান্দার সিঁড়িতে যে টাইলস স্থাপন করা হয়েছে মূলত তা সিঁড়ির জন্য প্রযোজ্য না এবং যেকোন সময় মুসল্লিদের পা পিছলে গিয়ে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। অর্থ জোগাড় সাপেক্ষে উক্ত টাইলস পরিবর্তন করে সিঁড়ির টাইলস প্রতিস্থাপণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কনভেনার, মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ* বারিধারা ডিওএইচএস বাস্কেট বল গ্রাউন্ডটির স্থান পরিবর্তন এবং সংস্কার করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিষয়টি বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হবে। | কনভেনার, গেমস্ স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি |

| | |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ বারিধারা ডিওএইচএস পুকুরে চালনার জন্য ১টি ভাল মানের প্যাডেল বোট ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয়। বোট ক্রয়ের সময় বোটে উঠার বিভিন্ন উপদেশমূলক উক্তি লেখা সম্পন্ন বোট ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপ<br>সেক্রে |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ বারিধারা ডিওএইচএস এ নির্মাণাধীন ফিটনেস সেন্টারের নির্মাণ কাজ নিয়ে বিশদ আলোচনা হয়। দ্বিতীয় তলা নির্মাণের বিষয়টি নিয়ে বার্ষিক সাধারণ সভায় আলোচনা করা হবে। নির্মাণ কাজের দৃশ্যমান অগ্রগতি না হওয়া পর্যন্ত আর কোন পেমেন্ট আপাততঃ প্রদান করা হবে না। | ফিটনে<br>সেন্টার<br>কমিটি |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০ ঃ বারিধারা ডিওএইচএস পার্ক এলাকার ফুটবল গ্রাউন্ড ও বাস্কেট বল গ্রাউন্ডের পাশের ফেন্স/বেড়া আয়রন রড দ্বারা মজবুত (শক্ত) করার ব্যাপারে আলোচনা করা হয় এবং সভায় গৃহীত হয়। | কনভে<br>গেমস্<br>এন্ড ক<br>সাব-ক |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ বারিধারা ডিওএইচএস পুকুড়ের লিজ গ্রহিতা কর্ণেল কাজী আশরাফ উদ্দিন আহমেদ, পিএসসি (অবঃ) এর ৩০ এপ্রিল ২০১৩ তারিখের পত্রের বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয়। চুক্তি মোতাবেক ২য় বছরের কিস্তির টাকা যথাসময়ে পরিশোধ না করে ৩০ জুন ২০১৪ পর্যন্ত ২ মাস সময় প্রার্থনা করেন যা ইসি সভায় নাকচ করা হয় এবং আগামী ২২ মে ২০১৪ তারিখের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। উক্ত তারিখের মধ্যে সম্পূর্ণ টাকা পরিশোধ না করলে চুক্তি বাতিল করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি<br>সেক্রেটা |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ অনণ্যা গেইটে অবস্থিত গার্বেজ পয়েন্টের নিয়ে আলোচনা করা হয়। গার্বেজ পয়েন্টের সমস্যার সমাধানে অত্র পরিষদের সভাপতিকে অনেক সমস্যার সম্মুখিন হতে হচ্ছে যা নির্বাহী পর্ষদকে অবহিত করা হয়। গার্বেজ পয়েন্টের মূখটি পূর্বমূখী করা আছে যার কারণে দূর্গন্ধটা সরাসরি জনপথে চলে আসে। তাই গার্বেজ পয়েন্টটি পূর্বমূখী হতে উত্তরমূখী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ কর্ণেল এ কে এম রকিবুল ইসলাম (অবঃ) এর পত্রটি নিয়ে আলোচনা হয়। বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে বিদ্যমান চলমান অবস্থার পরিবর্তন আনা সমীচিন হবেনা বলে সকলেই একমত পোষন করেন। রেসিডেন্টদের পোষাক পরিধানের ব্যাপারে আরও ২/৩টি বোর্ড পার্ক এলাকায় স্থাপন করতে হবে। | সভাপতি<br>সেক্রেটা |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ ১৭ মে ২০১৪

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ ১৭ মে ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য